



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
হিসাবরক্ষণ পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০২০.১৮.০০৯৭.২৫.৫০৩

দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের হিসাব রক্ষণ পরিদপ্তরের স্মারক নং কানি-১/১৫-(র্যাক)/পাউবো (হি.)/১৩৯৫; তারিখ: ০৬-০৮-১৯৯৪ খ্রি. এর অনুবৃত্তিক্রমে বিবিধ ক্রয়কার্যে অনিয়ম ও অডিট আপত্তি রোধ এবং সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার লক্ষ্যে যাবতীয় বিল পরিশোধের প্রাক্কালে সকল আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক)-কে পূর্ব-নিরীক্ষার ক্ষেত্রে যথাযথ গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

বিল পূর্ব-নিরীক্ষাকালে যে সমস্ত পর্মাণপত্র বা দলিলাদি যাচাই/পরীক্ষা করবেন তার তালিকা (চেকলিস্ট)

০১।	প্রশাসনিক (এপিপি), দরপত্র (ইভ্যালুয়েশন রিপোর্ট) ও কারিগরি অনুমোদন;
০২।	অনুমোদিত/সংশোধিত ডিপিপি এবং বাজেট বরাদ্দপত্র;
০৩।	আইবাস++ সফটওয়্যার এবং ম্যানুয়ালি সংরক্ষিত রেজিস্টার;
০৪।	সকল টেন্ডার ডকুমেন্টসহ চুক্তিপত্র, নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড (NOA), বিস্তারিত কার্য আদেশ (DWO) ও পরিমাণের বিল (BOQ);
০৫।	ওয়ার্ক অথরাইজেশন, কার্যবিভাজন;
০৬।	পরিমাপ বহি (চেক মেজারমেন্টসহ), প্লি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক মেজারমেন্ট এবং লেভেল বুক;
০৭।	তহবিলের পর্যাণ্ডতা;
০৮।	ইস্যুরেন্স কাভারেজ সংশ্লিষ্ট কাগজপত্র;
০৯।	টেন্ডার রিপোর্ট, টাকফোর্স রিপোর্ট, অন্যান্য কমিটি রিপোর্ট;
১০।	কাজ সম্পাদন ও প্রকল্পের সময়সীমা বৃদ্ধির অনুমোদনপত্র;
১১।	স্টক রেজিস্টার, জিও ব্যাগ রেজিস্টার;
১২।	আপদকালীন জরুরি কাজের ক্ষেত্রে জরুরি ঘোষণা এবং জরুরি ঘোষণাকৃত কাজের প্রশাসনিক অনুমোদনপত্র ও পোস্ট এসেসমেন্ট রিপোর্ট;
১৩।	সরাসরি নগদ ক্রয়, আরএফকিউ ইত্যাদি মেথডে ক্রয় প্রক্রিয়ার ক্ষেত্রে আর্থিক সীমা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন;
১৪।	ভেরিফেশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের ক্ষেত্রে আর্থিক সীমা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন;
১৫।	নিরাপত্তা জামানত ফেরতের ক্ষেত্রে চুক্তি এবং বিধি-বিধান;
১৬।	অন্যান্য প্রয়োজ্য বিষয়সহ কাগজপত্রাদি।

০২। বাপাউবো'র সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলীর দপ্তর কিংবা অন্যান্য কাজ বাস্তবায়নকারী দপ্তর যাবতীয় বিল পরিশোধের ক্ষেত্রে পূর্ব-নিরীক্ষার জন্য প্রয়োজনীয় পর্মাণপত্র বা দলিলাদি সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক)-কে সরবরাহের মাধ্যমে স্ব-স্ব দায়িত্ব প্রতিপালন করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে দপ্তরাদেশটি জারি করা হলো।

১২-০৩-২০২৬

মোল্লা মিজানুর রহমান

অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ০২২২২২৩০০৩০

ইমেইল : adg.finance@bwdb.gov.bd

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০২০.১৮.০০৯৭.২৫.৫০৩/১ (৯)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল),
- ২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমান (সকল),
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সি. এস. ও. টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/সমমান (সকল),
- ৭। উপপরিচালক (অহিনি)/সিনিয়র সহকারী পরিচালক (অহিনি)/ সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউ বো (সকল)।
- ৮। পি. এ. টু অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/প্রশাসন/পূর্ব/পশ্চিম), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা এবং
- ৯। দপ্তর কপি, ।



১২-০৩-২০২৬
মোঃ মেহেদী হাসান
পরিচালক